গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
www.debendracollege.gov.bd

স্মারক নং- সদেক/২০২২/হিসাব/এন-১/৮৮ তারিখ: ১৫/১২/২০২২

২০২১ সালের মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২১ সালের মাস্টার্স শেষ পর্ব(প্রাইভেট) কোর্সে বাংলা, ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা বিষয়ে ভর্তি/ রেজিস্ট্রেশনের জন্য আহবান করা হলো। এ সংক্রান্ত তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) দেয়া আছে। অনলাইনে আবেদনের শেষ তারিখ ২৮/১২/২০২২ খ্রি.।

আবেদনসহ রেজিস্ট্রেশন ফিসের পরিমাণ	১,৩৫৫/-

অনলাইনে ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:

১. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://app5.nu.edu.bd/nu-web/msapplication/privateMSApplicationForm থেকে ভর্তি ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

২. সরকারি দেবেন্দ্র কলেজের ভর্তির ওয়েবসাইট http://debendracollege.eshiksabd.com/ এ গিয়ে User Name: debendrastudent এবং Password: debendrastudent দিয়ে Sign In করতে হবে।

(জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরম ডাউনলোড করে প্রিন্ট নেয়ার ৩০ মিনিট পরে এ ওয়েবসাইটে প্রবেশ করতে হবে।)

৩. Sign In করা পেইজে Admission বাটন ক্লিক করলে Click for New Admission বাটন আসবে।

৪. Click for New Admission বাটনে ক্লিক করে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে:

Select Department (যে বিভাগে চান্সপ্রাপ্ত) ⟹ Enter NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll) ইনপুট করে Check for Admission ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।

৫. ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফরমে যে ছবি ব্যবহার করা হয়েছে একই ছবি ফরমের নির্ধারিত জায়গায় আপলোড করতে হবে (ছবির সাইজ হবে সর্বোচ্চ 999kb)। শিক্ষার্থীরা শুধু SSC এবং HSC পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার তথ্য সরবরাহ করবে।

৬. সঠিকভাবে ফরম পূরণের পর Save বাটন এ ক্লিক করলে পূরণকৃত রেজিস্ট্রেশন ফরমে রেজিস্ট্রেশন ফিসহ সকল তথ্য চলে আসবে।

৭. অত:পর বিকাশ/নগদ এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধ করলে ক্লাশ রোল নম্বরসহ একটি SMS শিক্ষার্থীর মোবাইলে চলে আসবে এবং রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হবে। SMS - এ শিক্ষার্থীর রোল নম্বরসহ বিভাগ উল্লেখ থাকবে। ফরমটি ডাউনলোড করে প্রিন্ট নিয়ে মোবাইলের SMS - এ আসা রোল নম্বরটি ফরমের যথাস্থানে লিখবে।

মোবাইলের মাধ্যমে বিকাশ/ নগদ রেজিস্ট্রেশন ফি জমাদানের পদ্ধতি:

বিকাশ/ নগদ/ ট্যাপের অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অত:পর Govt Debendra College সিলেক্ট করলে Bill Period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

রেজিস্ট্রেশন ফি প্রদানের পর টাকা জমার রসিদ প্রিন্ট নেয়ার পদ্ধতি:

বিকাশ বা নগদে ফিস পরিশোধের পর http://debendracollege.eshiksabd.com/ এ গিয়ে User Name: debendrastudent এবং Password: debendrastudent দিয়ে Sign In করে Receipts Print বাটনে ক্লিক করে Student Fee Payment Reciepts এর ঘরে Admission Roll বসিয়ে Show Payment List এ ক্লিক করলে টাকা জমার রসিদ প্রদর্শিত হবে। এখান থেকে রসিদ প্রিন্ট নিতে হবে।

অনলাইনে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্নের পর শিক্ষার্থীদের করনীয়:

পূরণকৃত আবেদন ফরম (জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূরণকৃত ফরম ০১ কপি ও দেবেন্দ্র কলেজেরেজিস্ট্রেশনের পূরণকৃত ফরম ০১ কপি) নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে কলেজের প্রশাসনিক শাখা থেকে যাচাই করে নিয়ে হিসাব শাখায় জমা দিতে হবে (সরকারি ছুটির দিন ব্যতিত প্রতিদিন সকাল ১০:০০টা থেকে বিকেল ৩:০০ টা পর্যন্ত)।

ক) এসএসসি/সমমান, এইচএসসি/সমমাস পরীক্ষা পাশের মূল সনদের ও নম্বরপত্রের সত্যায়িত কপি।
খ) স্নাতক(সম্মান)/ মাস্টার্স ১ম পর্ব(নিয়মিত/প্রাইভেট) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদের, নম্বরপত্রের ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।
গ) সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ ।
ঘ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র।
ঙ) দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামা।
চ) অনলাইনে টাকা জমার রসিদের ফটোকপিসহ মূলকপি।(রসিদে মোবাইল নম্বর হাতে লিখে দিতে হবে।)

বিশেষ দ্রষ্টব্য:

১. শিক্ষার্থীরা যে মোবাইল নম্বর ফরম পূরণের সময় দিবে সেই নম্বরটি পরিবর্তন করতে পারবে না। কলেজ থেকে সকল যোগাযোগের জন্য এই নম্বরটি ব্যবহৃত হবে।
২. নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

15/12/22
(প্রফেসর ড. মো: রেজাউল করিম)
আইডি নং- ২৫৩০
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।